

বাঘ

একদিন বাঘের গলায় ছিল তুমুল গর্জন--  
আসলে, তার গায়ে কি ঠিক কালো ডোরা ছিল, না কলেজ স্লেয়ার  
প্রতিবাদ, ভালোবাসা, ত্রোধ ছিল  
অদ্ভুত মিশ্রণে একাকার  
একমাত্র হরিণ বা প্রেমিক ছাড়া আর কেউ ছিল না সেদিন  
বনে বা শহরে  
জীবনের চেয়ে আর অশ্রান্ত সত্য-ও ছিল না  
মিথ্যার চেয়েও কোনও দুর্লভ মিথ্যা ছিল না  
পান্ডুর বর্ণের চেয়ে, আর কোনও পান্ডুরতা ছিল না  
একমাত্র বাঘের পৃথিবী-কাঁপানো আওয়াজ  
নাকি আত্মায় কোনও অদ্ভুত ফুল ফুটছিল ?

আমি

